**বর্ণনাকারী:** এই ভিডিওটিতে শরণার্থী দাবির শুনানি সম্পর্কে সহায়ক তথ্য রয়েছে। আরও বিস্তারিত এবং হালনাগাদসমূহ আমাদের ওয়েবসাইটে উপলভ্য: [irb.gc.ca](irb.gc.ca)

**সঙ্গীত:** ভিডিও জুড়ে মৃদু সঙ্গীত পেছনে বাজছে।

**বর্ণনাকারী:** এখন যেহেতু আপনি আপনার শরণার্থী দাবি করেছেন, রিফিউজি প্রোটেকশন ডিভিশন (শরণার্থী সুরক্ষা বিভাগ) বা আর.পি.ডি (RPD)-এর কিছু প্রক্রিয়া এবং পদ্ধতি সম্পর্কে আপনার প্রশ্ন থাকতে পারে। এই ভিডিওটিতে ফর্ম এবং নথি জমা দেওয়ার সময় বা আপনার শুনানির সময়সূচী নির্ধারণ করার সময় আপনার কিছু বিকল্পসমূহ আরও ভালভাবে বুঝতে সাহায্য করার উদ্দেশ্যে উত্তর প্রদান করা হয়েছে।

যখন আপনার দাবি আর.পি.ডি (RPD)-তে পাঠানো হয়েছিল, তখন আপনাকে একটি *বেসিস অফ ক্লেইম* (*দাবির ভিত্তি*) *ফর্ম*-এর সাথে একটি *কনফার্মেশান অফ রেফারেল* (*নির্দেশনার নিশ্চিতকরণ*) চিঠি দেয়া হয়ে থাকবে। আপনি আপনার শরণার্থী দাবি সম্পর্কে তথ্য প্রদানের জন্য বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম ব্যবহার করবেন, যার মধ্যে আপনি কে এবং কেন আপনি কানাডায় সুরক্ষা চাইছেন সে সম্পর্কে বিশদ বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।

**বর্ণনাকারী:** এখানে রয়েছে কিছু প্রশ্ন যা আপনার থাকতে পারে।

যদি আপনাকে আপনার বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম-টি আর.পি.ডি (RPD)-তে পাঠাতে বলা হয়ে থাকে, তাহলে আপনার দাবিটি আর.পি.ডি (RPD)-তে পাঠানোর দিন থেকে 45 ক্যালেন্ডার দিনের মধ্যে ফর্মটি পাঠানো খুবই গুরুত্বপূর্ণ।

যদি আপনি নির্ধারিত তারিখ খুঁজে না পান বা অনিশ্চিত থাকেন, তাহলে অনুগ্রহ করে আর.পি.ডি (RPD)-র সাথে যোগাযোগ করুন। আমাদের যোগাযোগের তথ্য ইমিগ্রেশন অ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা বা আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে পাওয়া যাবে।

**বর্ণনাকারী:** যদি আপনি চিন্তিত থাকেন যে আপনি **নির্ধারিত তারিখের মধ্যে** আপনার বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম-টি জমা দিতে পারবেন না, তাহলে আপনি অতিরিক্ত সময় চাইতে পারেন। আই.আর.বি (IRB)-র ওয়েবসাইট-এর ফর্মটি ব্যবহার করে ব্যাখ্যা করুন যে আপনার কেন আরও সময় প্রয়োজন এবং বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম-টি পূরণ করার জন্য আপনার কতটা অতিরিক্ত সময় প্রয়োজন। আর.পি.ডি (RPD) শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে সময় বৃদ্ধি করবে।

যদি আপনাকে সাহায্য করার জন্য কোনও পরামর্শদাতা না থাকে বা ফর্মটি খুঁজে পাওয়ার জন্য আপনার কোন কম্পিউটারের অধিগম্যতা না থাকে, তাহলে আপনি কেন আরও সময় প্রয়োজন তা ব্যাখ্যা করে একটি চিঠি লিখতে পারেন। আর.পি.ডি (RPD)-র একজন মেম্বার (সদস্য) আপনার ব্যাখ্যা পর্যালোচনা করবেন, তারপর আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।
তারা আপনাকে তাদের সিদ্ধান্ত জানাবে।

**বর্ণনাকারী:** যদি আপনি **নির্ধারিত তারিখের মধ্যে** আপনার বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম-টি পাঠাতে না পারেন এবং আর.পি.ডি (RPD) আপনাকে ফর্মটি পাঠানোর জন্য অতিরিক্ত সময় না দিয়ে থাকে, তাহলে আপনাকে অবশ্যই পরিত্যাগের পর একটি বিশেষ শুনানিতে উপস্থিত থাকতে হবে।

এই শুনানিতে, আপনার বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্ম কেন সময়মতো জমা দেওয়া হয়নি তার কারণসমূহ ব্যাখ্যা করতে হবে।

এরপর আর.পি.ডি (RPD)  সিদ্ধান্ত নেবে যে আপনার দাবি অব্যাহত রাখা যাবে নাকি পরিত্যক্ত ঘোষণা করা হবে।

যদি আপনার দাবি পরিত্যক্ত ঘোষণা করা হয়, তাহলে আর.পি.ডি (RPD)  আপনার ফাইলটি বন্ধ করে দেবে এবং আপনাকে কানাডায় শরণার্থী সুরক্ষার জন্য আর দাবি করার অনুমতি দেওয়া হবে না।

**বর্ণনাকারী:** যদি আপনি আপনার বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্ম-এ ভুল করে থাকেন, অথবা গুরুত্বপূর্ণ কিছু অন্তর্ভুক্ত করতে ভুলে গিয়ে থাকেন, তাহলে আপনি ফর্মটিতে পরিবর্তন করতে পারেন। আপনি ইতিমধ্যে জমাকৃত বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্ম-এর একটি কপি ব্যবহার করতে পারেন এবং সেই ফর্মটিতে পরিবর্তনগুলি করতে পারেন।

আপনার পরিবর্তন করা বা যোগ করা তথ্যের নিচে দাগ দিতে ভুলবেন না এবং আপনি যা মুছে ফেলতে চান তা কেটে দিন। আপনার হালনাগাদ করা ফর্মটি যদি ইলেকট্রনিকভাবে পাঠান, যেমন মাই কেইস (My Case) পোর্টালের মাধ্যমে, তাহলে আপনাকে স্বাক্ষর করতে হবে না। তবে, যদি আপনি এটি ডাকযোগে, কুরিয়ারের মাধ্যমে বা ব্যক্তিগতভাবে পাঠান, তাহলে আপনাকে অবশ্যই ফর্মটিতে স্বাক্ষর করতে হবে। হালনাগাদ করা বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্মটি যত তাড়াতাড়ি সম্ভব আর.পি.ডি (RPD)-তে পাঠান। মনে রাখবেন যে সমস্ত নথি তারিখযুক্ত হতে হবে, এমনকি ইলেকট্রনিকভাবে জমা দেওয়া হলেও।

আপনার জন্য মাই কেইস (My Case) পোর্টালটি উপলভ্য কিনা তা দেখতে আই.আর.বি (IRB) ওয়েবসাইটটি দেখুন।

শুনানির সময়, মেম্বার (সদস্য) আপনাকে নিশ্চিত করতে বলবেন যে আপনার হালনাগাদ করা বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্ম-এর বিষয়বস্তু সম্পূর্ণ, সত্য এবং সঠিক।

আপনার শুনানির অংশ হিসাবে, মেম্বার (সদস্য) আপনার বেসিস অফ ক্লেইম  (দাবির ভিত্তি) ফর্ম-এর তথ্য সম্পর্কেও প্রশ্ন জিজ্ঞাসা করবেন।

**বর্ণনাকারী:** আপনাকে কোনও আইনজীবী নিয়োগ করতে হবে না, তবে আপনি চাইতে পারেন যে আপনার শরণার্থী দাবি প্রক্রিয়াকালীন কেউ আপনাকে সাহায্য করুক। আপনি যদি কোনও আইনজীবী বা অভিবাসন পরামর্শদাতাকে আপনার আইনজীবী হিসেবে নিয়োগ এবং অর্থ প্রদান করার সিদ্ধান্ত নেন, তাহলে তাদের অবশ্যই লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।

কিছু জায়গায়, একজন নোটারি পাবলিক বা প্যারালিগ্যালও আপনার প্রতিনিধিত্ব করতে পারেন।

আপনি যদি কোনও আইনি সহায়তা সংস্থার সাহায্যের জন্য যোগ্য না হন তবে আপনার আইনজীবীকে অর্থ প্রদানের জন্য আপনি দায়ী।

আপনি যদি আপনার পরামর্শদাতার খরচ বহন করতে সামর্থ্য না থাকে, তাহলে আপনার প্রদেশের আইনি সহায়তা অফিসের সাথে যোগাযোগ করে দেখুন কোন রকম সাহায্য, যদি থাকে, আপনার কাছে উপলব্ধ কিনা। আপনি আমাদের ওয়েবসাইটে আইনি সহায়তা অফিস সম্পর্কে তথ্য পাবেন।

যদি আইনি সহায়তা সম্ভব না হয়, তাহলে আপনার সম্প্রদায়ের অন্যান্য সহায়তার খোঁজ করার কথা বিবেচনা করুন। ইন্টারনেটে “refugee claimant support” ("শরণার্থী দাবিদার সহায়তা") অনুসন্ধান করুন এবং আপনি যে নগর বা শহরে থাকেন তার নাম অন্তর্ভুক্ত করুন। এটি আপনাকে এমন সংস্থাগুলির তালিকা দেখাবে যারা আপনাকে সহায়তা বা পরামর্শ দিতে সক্ষম হতে পারে।

**বর্ণনাকারী:** আপনার নথিপত্র অবশ্যই ইংরেজি অথবা ফরাসি ভাষায় জমা দিতে হবে।

যদি আপনার কোনও সহায়ক নথিপত্রসমূহ অন্য কোনও ভাষায় লিখিত হয়ে থাকে, তাহলে আপনাকে অবশ্যই সেই নথিপত্রগুলির ইংরেজি অথবা ফরাসি ভাষায় অনুবাদ সংযুক্ত করতে হবে।

নথিপত্রসমূহ অবশ্যই একজন ব্যক্তির দ্বারা অনুবাদ হওয়া উচিত এবং সেই অনুবাদকের ঘোষণাপত্র অন্তর্ভুক্ত করতে হবে, যা নিশ্চিত করে যে তারা আপনার জন্য নথিপত্রসমূহ অনুবাদ করেছেন।

আপনি সফ্টওয়্যার বা অনলাইন অনুবাদ টুল যেমন গুগল ট্রান্সলেট ব্যবহার করতে পারবেন না।

**বর্ণনাকারী:** আপনার নির্ধারিত শুনানির আগে আপনার কোন অতিরিক্ত নথি আর.পি.ডি (RPD)-র নিকট যত তাড়াতাড়ি সম্ভব বা *কমপক্ষে* 10 দিন আগে জমা দেওয়াটা গুরুত্বপূর্ণ।

আপনার প্রমাণ জমা দেওয়ার জন্য সময়সীমা পর্যন্ত অপেক্ষা করবেন না। যদি আপনার শুনানির আগের 10 দিনের মধ্যে প্রমাণ পাঠাতে হয়, তাহলে আপনাকে অনুমতি চাইতে হবে। অনুমতি শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে দেওয়া হয়। আপনাকে একটি *এ্যাপলিকেশান টু সাবমিট লেইট ডিসক্লোজার্স* (*দেরিতে প্রকাশ জমা দেওয়ার জন্য আবেদন*) পূরণ করতে হবে যা আপনি আই.আর.বি (IRB) ওয়েবসাইটে পাবেন।

আবেদনপত্রে আপনাকে স্পষ্টভাবে ব্যাখ্যা করতে হবে যে কেন আপনি আপনার শুনানির 10 দিনেরও কম সময়ের আগে অতিরিক্ত নথি জমা দিচ্ছেন। এই আবেদন ছাড়া জমা দেওয়া নথি বিবেচনা করা হবে না।

যদি আপনাকে সাহায্য করার জন্য কোনও পরামর্শদাতা না থাকে বা ফর্মটি খুঁজে পাওয়ার জন্য আপনার কোন কম্পিউটারের অধিগম্যতা না থাকে, তাহলে আপনি আর.পি.ডি (RPD)-কে একটি চিঠি লিখতে পারেন যেখানে

| |
|---|
| ব্যাখ্যা করা হবে কেন আপনি আপনার শুনানির 10 দিনেরও কম সময় আগে অতিরিক্ত নথি জমা দিচ্ছেন। আর.পি.ডি (RPD)-এর একজন মেম্বার (সদস্য) আপনার ব্যাখ্যা পর্যালোচনা করবেন, তারপর আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।<br><br>আর.পি.ডি (RPD) আপনাকে তাদের সিদ্ধান্ত জানাবে। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবিদার শিশুদের আপনার শুনানিতে উপস্থিত থাকার প্রয়োজন নেই, যদি কি না শুনানির তারিখে তাদের বয়স 18 বছরের বেশি হয়ে থাকে, অথবা আর.পি.ডি (RPD) তাদের সেখানে উপস্থিত থাকতে বলে।<br><br>শুনানির তারিখে 18 বছরের কম বয়সী শিশুরা ইচ্ছা করলে শুনানিতে উপস্থিত থাকতে পারে। বড় শিশুরা কখনও কখনও সাক্ষ্য দিয়ে বা উপস্থিত হয়ে অবদান রাখতে চায়। এটি আপনার আইনজীবী, যদি কেউ থাকেন, অথবা আপনার মনোনীত প্রতিনিধির সাথে আলোচনা করা উচিত।<br><br>একজন মনোনীত প্রতিনিধি হলেন এমন একজন ব্যক্তি যিনি আর.পি.ডি (RPD)-র সামনে উপস্থিত হচ্ছেন এমন একজনের প্রতিনিধিত্ব করেন যিনি 18 বছরের কম বয়সী হওয়ার কারণে অথবা মামলার প্রকৃতি বুঝতে অক্ষম হওয়ার কারণে নিজের প্রতিনিধিত্ব করতে অক্ষম। আর.পি.ডি (RPD) কর্তৃক একজন মনোনীত প্রতিনিধি নিযুক্ত হন। |
| **বর্ণনাকারী:** যদি আপনি আপনার শুনানিতে উপস্থিত থাকার জন্য উপলব্ধ না হন অথবা আপনি আপনার শুনানির জন্য প্রস্তুত না হন, তাহলে আপনি আই.আর.বি (IRB) ওয়েবসাইটের ফর্মটি ব্যবহার করে তারিখ এবং সময় পরিবর্তনের জন্য আবেদন করতে পারেন। আর.পি.ডি (RPD) শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে শুনানির তারিখ এবং সময় পরিবর্তনের অনুরোধ গ্রহণ করবে।<br><br>আপনার আবেদনপত্রে আপনাকে ব্যাখ্যা করতে হবে যে কেন আপনি আপনার শুনানির তারিখ বা সময় পরিবর্তন করতে চান।<br><br>আপনার আবেদনটি যত তাড়াতাড়ি সম্ভব এবং শুনানির তিন কর্মদিবসের মধ্যে জমা দেওয়া গুরুত্বপূর্ণ, যদি কি না আপনার অনুরোধটি কোনও চিকিৎসাগত কারণ বা অন্য কোনও জরুরি অবস্থার কারণে হয়ে থাকে।<br><br>যদি আপনাকে সাহায্য করার জন্য কোনও পরামর্শদাতা না থাকে বা ফর্মটি খুঁজে পাওয়ার জন্য আপনার কোন কম্পিউটারের অধিগম্যতা না থাকে, তাহলে আপনি আর.পি.ডি (RPD)-কে একটি চিঠি লিখতে পারেন যেখানে ব্যাখ্যা করা হবে কেন আপনার শুনানির তারিখ বা সময় পরিবর্তন করা প্রয়োজন। আর.পি.ডি (RPD)-এর একজন মেম্বার (সদস্য) আপনার ব্যাখ্যা পর্যালোচনা করবেন, তারপর আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।<br><br>আর.পি.ডি (RPD) আপনাকে তাদের সিদ্ধান্ত জানাবে। |

| |
|---|
| যদি আর.পি.ডি (RPD) আপনার আবেদন প্রত্যাখ্যান করে, তাহলে আপনাকে অবশ্যই শুনানির তারিখ এবং সময়ে যাওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।<br><br>যদি আপনি কোনও প্রতিক্রিয়া না পান, তাহলে আপনাকে অবশ্যই আপনার শুনানিতে উপস্থিত হতে হবে এবং সেখানে যাওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।<br>সদস্য তখন আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। |
| **বর্ণনাকারী:** আমরা সর্বদা দাবিদারদের জন্য শরণার্থী দাবির পদ্ধতিগুলিকে আরও কার্যকর করার চেষ্টা করি।<br><br>সর্বশেষ তথ্য পেতে বা আমাদেরকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করতে, আপনি যে কোন সময়ে আমাদের আঞ্চলিক অফিসে কল করতে বা লিখতে পারেন।<br><br>মনে রাখবেন যে আমরা আপনার নির্দিষ্ট শরণার্থী দাবি সম্পর্কে পরামর্শ দিতে পারি না, তবে আমরা বিভিন্ন প্রক্রিয়া এবং পদ্ধতি ব্যাখ্যা করতে সাহায্য করতে পারি এবং আই.আর.বি (IRB) ওয়েবসাইটে উপলব্ধ প্রাসঙ্গিক সহায়তাসমূহের প্রতি আপনাকে নির্দেশনা দিতে পারি। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবি প্রক্রিয়া সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য, আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে যান অথবা সাধারণ জিজ্ঞাসার জন্য আমাদের শুল্কমুক্ত নম্বর 1-833-931-5121-এ কল করুন। |
| **বর্ণনাকারী:** আপনি স্ক্রিনের কিউ-আর (QR) কোডটি স্ক্যান করে আমাদের *কন্ট্যাক্ট আস* (*আমাদের যোগাযোগ করুন*) পৃষ্ঠাটি দেখতে পারেন, যেখানে আপনি কোথায় নথি জমা দিতে হবে এবং আপনার কোনও প্রশ্ন থাকলে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কে তথ্য পাবেন। |